# ‘নিখিল নির্মল ভগবানের মতো’

## বদলির পর বলছেন হতাশ বাগানবাসী

**মোস্তাক মোরশেদ হোসেন**

**রাঙ্গালিবাজনা, ১০ জানুয়ারি ঃ** ৬০ কিমি পথ পেরিয়ে বুধবার সকাল সকাল আলিপুরদুয়ারে পৌঁছে গিয়েছিলেন অচল চা বাগান ডিমডিমার বিদ্যুৎকর্মী বীরেন্দ্র সিং। সন্ধ্যায় বাড়ি ফিরে বৃহস্পতিবার সকালে ফের তিনি হাজির হয়েছেন আলিপুরদুয়ারের প্যারেড গ্রাউন্ডে। দাবি একটাই, নিখিল নির্মলকে জেলাশাসকের চেয়ার ছেড়ে যেতে দেবেন না তাঁরা। সঙ্গে ছিলেন বাগান শ্রমিক রেণু ঝা, সুশীলা বাখলা, ভারতী টোপ্পো, রোজিতা মিনজ সহ অনেকেই। বুধবার ডুয়ার্সকন্যার সামনে বিক্ষোভ হলেও বৃহস্পতিবার তা হয়নি। তবে সারাদিন ওঁরা উঁকিঝুঁকি মেরেছেন ডুয়ার্সকন্যার দিকে। এর ওর কাছে জানতে চেয়েছেন, ডিএম সাহেবের কী হল শেষ পর্যন্ত। তবে রাতের দিকে জেলাশাসকের বদলির খবরে হতাশ অনেকেই।

বৃহস্পতিবারই জেলাশাসক নিখিল নির্মলের বদলির নির্দেশ জারি হলেও সন্ধ্যা পর্যন্ত চা বাগানের শ্রমিক-কর্মচারীদের বেশিরভাগই ওই খবর জানতে পারেননি। বীরেন্দ্র সিং বলেন, ‘পরপর দু’দিন আলিপুরদুয়ারে গিয়েছি। তবে তিনি বদলি হয়েছেন কিনা, জানি না। একটা কথাই বলব, জেলাশাসক নিখিল নির্মল আমাদের মতো অসহায় বাগানকর্মীদের কাছে ভগবান। তাঁর জন্যই বন্ধ, অচল চা বাগানে র‍্যাশন দুর্নীতি বন্ধ হয়েছে।’ জেলাশাসক নিখিল নির্মল যে আলিপুরদুয়ারের চা বাগানের শ্রমিক, কর্মচারীদের কাছে ভগবানের মতো, সে কথা জোর দিয়েই বললেন তরাই-ডুয়ার্স প্ল্যান্টেশন ওয়ার্কার্স ইউনিয়নের সদস্য তথা বীরপাড়ার বাসিন্দা প্রকাশ ভৌমিক। তিনি বলেন, ‘বেশ কিছুদিন ধরেই জেলাশাসক চা বাগানের শ্রমিক-কর্মচারীদের পাশে রয়েছেন। শ্রমিকরা তাই তাঁর ভক্ত হয়ে পড়েছেন। একজন প্রশাসককে বিপদে আপদে পাশে পেলে তাঁকে আপনজন ভেবে নেওয়াই স্বাভাবিক।’ আলিপুরদুয়ার জেলায় এখনও বেশ কিছু বন্ধ, অচল চা বাগান রয়েছে। চা বাগানগুলিতে র‍্যাশন হিসেবে দেওয়া চাল, আটা, গমের মান ও ওজন নিয়ে শ্রমিক-কর্মচারীদের অভিযোগ দীর্ঘদিনের। একাধিক চা বাগানের শ্রমিক-কর্মচারীরা জানান, জেলাশাসক নিখিল নির্মল চা বলয়ে র‍্যাশন দুর্নীতি দমন করতে যে পদক্ষেপ করেছিলেন তা আগে দেখা যায়নি। ডিমডিমা বাগানে এতদিন দাঁড়িপাল্লার পরিবর্তে কৌটোয় মেপে চাল, গম দেওয়া হচ্ছিল। গত অগাস্ট মাসে কৌটোয় চাল মাপা নিয়ে অভিযোগ পেয়ে ছুটে যান তিনি। কৌটোয় মেপে চাল দেওয়া বন্ধ করে দেন। নির্দেশ দেন, দাঁড়িপাল্লায় ওজন করেই দিতে হবে চাল।

জেলার চা বলয়ে জলের সমস্যা দীর্ঘদিনের। তবে চা বাগানের বাসিন্দারা জলের সমস্যা নিয়ে জেলা প্রশাসনের কর্তাদের সামনাসামনি অভিযোগ জানানোর সুযোগ পেয়েছেন কদাচিৎ। নিখিল নির্মল জেলাশাসক হওয়ার পরে আলিপুরদুয়ার জেলায় চালু হয় ‘আপনার বাগানে প্রশাসন’ ও ‘আপনার পঞ্চায়েতে প্রশাসন’ কর্মসূচি। বান্দাপানি, লঙ্কাপাড়ার মতো জলের সমস্যায় জর্জরিত চা বাগানের শ্রমিকরা ওই কর্মসূচিতে জেলাশাসককে পেয়ে খোলাখুলিই জানান জল নিয়ে তাঁদের সমস্যার কথা। পরে আলিপুরদুয়ার জেলার বিভিন্ন চা বাগান এলাকায় বেশ কয়েকটি পানীয় জলের প্রকল্প তৈরির জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের কাছে সুপারিশ করে জেলা প্রশাসন। শুধু জলই নয়, বার্ধক্যভাতা, এসসি, এসটি শংসাপত্র সহ বিভিন্ন বিষয়ে প্রচুর আবেদনপত্র জমা পড়ে জেলাশাসকের দরবারে। আপনার বাগানে প্রশাসন কর্মসূচিতে এসসি, এসটি শংসাপত্র প্রদান, ভাতা প্রদান, স্বাস্থ্য পরিসেবা বিষয়ক আলাদা আলাদা কাউন্টার করা হয়েছিল। জমা পড়া আবেদনপত্রগুলির ভিত্তিতে দ্রুত কাজ শুরু করে জেলা প্রশাসন। অনেকেই ইতিমধ্যে পেয়ে গিয়েছেন প্রয়োজনীয় শংসাপত্র। এমনকি এসসি, এসটি শংসাপত্র নিয়ে কিছুদিন আগেও বাগানগুলিতে দালালচক্র সক্রিয় ছিল। জেলাশাসকের কড়া পদক্ষেপে ভেঙে গিয়েছে দালালচক্র। বুধবার আলিপুরদুয়ারে বিক্ষোভ দেখাতে গিয়ে চা বাগানের শ্রমিক-কর্মচারীরা হুমকি দিয়ে জানিয়েছিলেন, জেলাশাসকের বদলি হলে তাঁরা লোকসভা ভোট বয়কট করবেন। তবে বৃহস্পতিবার ডিমডিমা চা বাগানের কর্মী তথা তরাই-ডুয়ার্স প্ল্যান্টেশন ওয়ার্কার্স ইউনিয়নের বাগান ইউনিটের সভাপতি বীরেন্দ্র সিং বলেন, ‘এ বিষয়ে সকলের সঙ্গে কথা না বলে কোনো মন্তব্য করব না। তবে চা বাগানের মানুষদের পাশে ডিএম নিখিল নির্মল যেভাবে দাঁড়িয়েছিলেন তা কোনোদিনই ভুলব না আমরা।’

*বৃহস্পতিবার বিনোদের বাড়িতে এপিডিআর ও মানবিক মুখের সদস্যরা। ছবি ঃ সুকমল ঘোষ*

“পরপর দু’দিন আলিপুরদুয়ারে গিয়েছি। তবে তিনি বদলি হয়েছেন কিনা, জানি না। একটা কথাই বলব, জেলাশাসক নিখিল নির্মল আমাদের মতো অসহায় বাগানকর্মীদের কাছে ভগবান। তাঁর জন্যই বন্ধ, অচল চা বাগানে র‍্যাশন দুর্নীতি বন্ধ হয়েছে।

– বীরেন্দ্র সিং, *বাগানকর্মী*

# আইসি-র বদলি রুখতে বিক্ষোভ

**ফালাকাটা,১০ জানুয়ারি ঃ** ফালাকাটা থানায় সস্ত্রীক ডিএমের তাণ্ডবের জেরে বুধবার রাতেই ফালাকাটা থানার আইসি সৌম্যজিৎ রায়ের বদলির নির্দেশ জারি হয়েছে। তাকে পাঠানো হচ্ছে কোচবিহার কোতোয়ালি থানায়। সেখানকার আইসি সমীর পাল আসছেন ফালাকাটা থানায়। গতকাল অধিক রাতে ওই বদলির বিষয়টি জানাজানি হতেই সোশ্যাল মিডিয়ায় এনিয়ে সরব হন ফালাকাটার নাগরিকরা। তাঁরা সৌম্যজিৎবাবুর বদলির নির্দেশ কোনোমতেই মেনে নিতে পারছেন না।

এদিন আইসি-র বদলির প্রতিবাদে ফালাকাটার বিভিন্ন স্তরের কয়েকশো মানুষ ফালাকাটা থানার সামনে জড়ো হয়ে বিক্ষোভ দেখান। ফালাকাটার বিভিন্ন ক্লাব ও সংগঠনের সদস্যরা এতে শামিল হয়েছিলেন। তাঁদের সকলের বক্তব্য, ফালাকাটা থানার আইসি মাত্র তিন মাস আগে কাজে যোগ দিয়ে ফালাকাটায় ধাবায় মদ বিক্রি, বেআইনি মদের আড্ডা, মাতাল, জুয়াড়ি ও সমাজবিরোধীদের দৌরাত্ম্য কড়া হাতে দমন করেছেন। তাঁর মতো আইসি-কে এভাবে বদলি হতে দেওয়া যাবে না। থানা চত্বরে ওই বদলির বিরুদ্ধে বক্তব্য রাখেন তাঁরা। পরে থানা বেরিয়ে ফালাকাটা শহরে মিছিল ও শহরের নতুন চৌপথিতে প্রায় ১৫ মিনিট অবরোধও করা হয়।

ফালাকাটার বিধায়ক অনিল অধিকারী বলেন, ‘সৌম্যজিৎবাবু ফালাকাটা থানার দায়িত্ব নিয়েই খুব অল্প সময়ে এলাকায় জনপ্রিয়তা অর্জন করেছিলেন। তবে তাঁর বদলির বিষয়টি রাজ্য পুলিশের সিদ্ধান্ত। আমি তা নিয়ে কোনো মন্তব্য করব না।’ এদিকে আইসি-র বদলির বিরুদ্ধে শুক্রবার ফালাকাটা টাউন ক্লাবে নাগরিক সভার ডাক দেওয়া হয়েছে। ওই নাগরিক সভাকে সফল করতে মাইকে প্রচার চলছে ফালাকাটাজুড়ে।

# ফেসবুক থেকে উধাও নন্দিনী-দেবশ্রী

**আলিপুরদুয়ার ব্যুরো**

**১০ জানুয়ারি ঃ** শনিবার রাতে নন্দিনী কৃষ্ণনের ছবিতে কমেন্ট লেখার পর থেকে রবিবার দুপুরে ফালাকাটা থানায় বিনোদ সরকারকে আড়ংধোলাই দেওয়া পর্যন্ত আক্রমণাত্মক মেজাজটা আর ধরে রাখা গেল না। বৃহস্পতিবার উত্তরবঙ্গ সংবাদ-এর পাতায় সেই কথোপকথন সময় ধরে ধরে প্রকাশ হওয়ার পরেই সোশ্যাল মিডিয়ায় ঝড় শুরু হয় নন্দিনী এবং তাঁর বান্ধবীদের ভাষা নিয়ে। এরপর এদিন সন্ধ্যা থেকে নিজেদের ফেসবুক ডিলিট করে দেন নন্দিনী এবং বিনোদকে সবচাইতে অশ্রাব্য গালিগালাজ করা দেবশ্রী দাস ও সুকন্যা দেব। নন্দিনীর বাকি বন্ধু-বান্ধবী আকাশ চৌধুরি, মানসী আলপনা ভৌমিকদের প্রোফাইল চালু থাকলেও তাঁদের অন পাওয়া যায়নি গত কয়েকদিনে।

বিনোদের মায়ের নামে সেদিন দেবশ্রীরা যে ভাষায় আক্রমণ করেছেন তা নিয়ে এদিন সকাল থেকেই প্রতিবাদের ঝড় ওঠে সব মহলে। একজন মহিলা হয়ে আরেকজনের মায়ের উদ্দেশে অত নোংরা ভাষা কীভাবে সেদিন লিখলেন দেবশ্রী, তা নিয়ে বৃহস্পতিবার সকাল থেকেই সোশ্যাল মিডিয়ায় সমালোচনা শুরু হয়। উল্লেখ্য, বিনোদের বিরুদ্ধে ফালাকাটার বিডিও যে অভিযোগ থানায় দায়ের করেছেন তাতেও দেবশ্রী দাসের নাম রয়েছে। তিনিও বিনোদের বিরুদ্ধে বিডিও-কে অভিযোগ জানিয়েছিলেন। এদিকে, যাকে ঘিরে এত ঘটনা সেই বিনোদ সরকার এদিন বলেন, ‘আমি যা করেছি তার জন্য অনুতপ্ত। কিন্তু ওঁরা যা করেছেন তার জন্য ক্ষমা চাওয়ার সৌজন্য অবধি দেখাননি। তাই হয়তো ওঁদের প্রোফাইল ডিলিট করে পালাতে হল।’

এদিকে, গত ৮ জানুয়ারি ফালাকাটা থানায় বিনোদ কুমার নামে এক ব্যক্তির বিরুদ্ধে নন্দিনী কৃষ্ণনের দায়ের করা অভিযোগ নিয়ে নতুন করে জলঘোলা শুরু হয়েছে। ৮ জানুয়ারি ফালাকাটা থানায় দায়ের হওয়া জেনারেল ডায়ারি নম্বর ৩০২ তথা কেস নম্বর ১২/১৯ অনুযায়ী নন্দিনী কৃষ্ণন অভিযোগ জানান, গত ৩ জানুয়ারি ডুয়ার্স উৎসব থেকে বান্ধবী সায়নী সরকারকে নিয়ে ফেরার পথে বিনোদ কুমার নামের এক ব্যক্তি তাঁদের মারধর করে এবং শারীরিকভাবেও হেনস্তা করার চেষ্টা চালায়। সেই বিনোদ কুমার ফের ৫ তারিখ রাতে ফেসবুক মেসেঞ্জারে অশালীন ভাষা লেখে। অনেকেই প্রশ্ন তুলেছেন, ৩ তারিখ রাতে জেলাশাসকের স্ত্রী ও তাঁর বান্ধবী শারীরিকভাবে আক্রান্ত হওয়ার পাঁচদিন পরে কেন অভিযোগ দায়ের করা হল। শুধু তাই নয়, ৮ তারিখে বিনোদের পদবি জানার পরেও কেন অভিযোগপত্রে কুমার লেখা হল। তবে, এদিন বিনোদ জানায়, সোমবার পুলিশের তরফে আদালতে পেশ করার জন্য তাঁকে আলিপুরদুয়ার নিয়ে যাওয়া ছাড়া গত চার-পাঁচ মাসে তিনি জেলা শহরে যাননি। ডুয়ার্স উৎসব ফেরত নন্দিনী কৃষ্ণন ও তাঁর বান্ধবীকে আক্রমণ ও হেনস্তা করার প্রশ্নই ওঠে না।

উত্তরবঙ্গের বৃহত্তম-বিশ্বস্ত ভারত বিখ্যাত ডাক্তার ও India No 1 Topmost best Sex চিকিৎসা।
সহবাসে অক্ষমতা, স্বপ্নদোষ, ক্ষুদ্রলিঙ্গ ধাতু পাতলা, শীঘ্রপতন 100% গ্যারান্টী সুচিকিৎসা
প্রথম দিন থেকেই কাজ শুরু - অতি অল্প খরচে
KORIAN HQ লিঙ্গ বর্ধক যন্ত্র তেল লিঙ্গকে 7"-10" লম্বা, 2"-3" মোটা করে, সেক্স টাইম 30-40 মি. বাড়ে
পাইলস, ফিসচুলা, গাঠের ব্যাথা ও নেশা ছাড়ানোর এবং বক্ষ সৌন্দর্য্য গ্যারান্টি ট্রিটমেন্ট।
No side Effect
আনন্দ হারবাল
শিলিগুড়ি:হিলকার্ট রোড,স্টেট ব্যাঙ্কের পাশে। দোতলা
81588-17822

সেবা দেয় Seal Pack,বাকি হার্বাল খোলা ঔষধ দিয়ে ঠকাবে
২১ বছর ধরে উত্তরবঙ্গে সর্বশ্রেষ্ঠ, ভারত বিখ্যাত ডাক্তার INDIA NO 1 Best SEX মেডিসিন ও ট্রিটমেন্ট
আমাদের-৭টি ভাবনার শ্রেষ্ঠ গুনমানের ঔষধ (কারও নেই)
মাত্র ৭০০ টাকা ও ১১৫০ টাকা সহবাসে অক্ষমতা, শীঘ্রপতন, স্বপ্নদোষ ধাতুরদোষ, লিঙ্গ/সরু/বাঁকা/পাতলা
১০০% গ্যারান্টি প্রথম দিন থেকে কাজ শুরু
অর্শ, অনিয়মিত মাসিক, সাদাস্রাব, বক্ষসৌন্দর্য, নেশা থেকে চিরমুক্তি
AMERICAN লিঙ্গবর্ধক যন্ত্র ও RUSSIAN TITAN GEL পাওয়া যায়
ঘরে বসে ঔষধ নিন 97331-03868
সেবা হারবাল ®
শিলিগুড়ি পানিট্যাঙ্কি মোড়- 9933545917

## কংগ্রেসের সভা

**মেখলিগঞ্জ, ১০ জানুয়ারি ঃ** বৃহস্পতিবার মেখলিগঞ্জ কংগ্রেস কার্যালয় প্রাঙ্গণে কংগ্রেসের বর্ধিত সভা হয়। দলের সাংগঠনিক দিকগুলির পাশাপাশি বিভিন্ন বিষয়ে এদিনের সভায় আলোচনা হয়। মেখলিগঞ্জের কংগ্রেস নেতা মায়াশংকর সিং জানান, ১৬ জানুয়ারি জেলায় জেলায় দলের জেল ভরো কর্মসূচি রয়েছে। এদিনের সভায় সেই বিষয়েই বিস্তারিত আলোচনা হয়। মেখলিগঞ্জ ব্লকের প্রতিটি গ্রাম পঞ্চায়েত ও পুরসভার কংগ্রেসের নেতৃত্ব এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন।

## সচেতনতা শিবির

**কোচবিহার, ১০ জানুয়ারি ঃ** ডিস্ট্রিক্ট লিগ্যাল সার্ভিসের উদ্যোগে বৃহস্পতিবার ডাউয়াগুড়ি সংলগ্ন তল্লিগুড়ি ঘরঘরিয়া-২ প্রাইমারি স্কুলে প্রায় ১০০ জন স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের নিয়ে আইনি সচেতনতা শিবির হয়। শিবিরে নারী নির্যাতন সহ বিভিন্ন বিষয়ে মহিলাদের বিনামূল্যে আইনি পরিসেবা দেওয়ার ব্যাপারে আলোচনা হয়। উপস্থিত ছিলেন ডিস্ট্রিক্ট লিগ্যাল সার্ভিসের সচিব অরিন্দম চট্টোপাধ্যায়, পার্শ্ব আইনসেবক তরুণ চক্রবর্তী ও জাকির হোসেন।

## হামলার অভিযোগ

**দিনহাটা, ১০ জানুয়ারি ঃ** ব্যবসায়ী সমিতির সভাপতির দোকানে হামলার অভিযোগে চাঞ্চল্য ছড়াল ভেটাগুড়িতে। জানা গিয়েছে, বৃহস্পতিবার রাত আটটা নাগাদ ৪০-৫০ জনের একটি দুষ্কৃতী দল দোকানে হামলা চালায়। তারা দোকানের রান্নার গ্যাসের যন্ত্রাংশ ভাঙচুরের পাশাপাশি হুমকি দেয় বলে অভিযোগ। পুলিশ ঘটনার তদন্ত করছে।

**এগ্‌জিকিউটিভ ইঞ্জিনিয়ার**
**কেন্দ্রীয় লোক নির্মাণ বিভাগ**
**ই- টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তি**

এগ্‌জিকিউটিভ ইঞ্জিনিয়ার, গ্যাংটক সেন্ট্রাল ডিভিশন, সি.পি.ডব্লিউ.ডি, গ্যাংটক (ফোন ঃ 03592-203499) ভারতের রাষ্ট্রপতির পক্ষে নিম্নলিখিত কাজের জন্য সিপিডব্লিউডি-এর উপযুক্ত ক্যাটিগোরিতে তালিকাভুক্ত অনুমোদিত ও যোগ্য কনট্রাক্টরদের থেকে অনলাইন পার্সেন্টেজ রেট টেন্ডার আহ্বান করছেন ঃ ১. এনআইটি নং ৩৮/ইই/জিসিডি/জিটিকে/ জিসিএসডি –আই /২০১৮-১৯, কাজের নাম ঃ জওহর নগর, গ্যাংটকে জিপিআরএ- টিওয়াই –IV, II, ও I কোয়ার্টারের উন্নতিকরণ (এসএইচ ঃ উঠোন, টয়লেট ইত্যাদির উন্নতিকরণ), বরাদ্দকৃত ব্যয় ঃ টা. ২৬,৭২,৬৬০/-, বায়নার অর্থ ঃ টা. ৫৩,৪৫৩/-, সম্পূর্ণীকরণের মেয়াদ ঃ ০১ (এক) মাস। দর জমা দেওয়ার শেষ তারিখ ও সময় ঃ ২২.০১.২০১৯-এর বিকাল ৩.৩০ টা। দর খোলার তারিখ ও সময় ঃ ২২.০১.২০১৯-এর বিকাল ৪.০০ টা। ২. এনআইটি নং ঃ ৩৯ /ইই/ জিসিডি / জিটিকে / জিসিএসডি-আই/২০১৮-১৯। কাজের নামঃ জওহরনগর, গ্যাংটকে জিপিআরএ টিওয়াই-III কোয়ার্টারের উন্নতিকরণ। (এসএইচ ঃ উঠোন, টয়লেট ইত্যাদির উন্নতিকরণ)। বরাদ্দকৃত ব্যয় ঃ টা. ২৬,৫৬,৮৪৭/-, বায়নার অর্থ ঃ টা. ৫৩,১৩৭/-, সম্পূর্ণীকরণের মেয়াদ ঃ ০১ (এক) মাস। দর জমা দেওয়ার শেষ তারিখ ও সময় ঃ ২২.০১.২০১৯-এর বিকাল ৩.৩০ টা, দর খোলার সময় ও তারিখ ঃ ২২.০১.২০১৯-এর বিকাল ৪.০০টা।

টেন্ডারের বিবরণ ওয়েবসাইট www.tenderwizard.com / CPWD বা www.cpwd.gov.in বা eprocure.gov.in- থেকে পাওয়া যাবে।

আপনিই রিপোর্টার

*বুড়াগঞ্জ কালকূট হাইস্কুলের তিনটির মধ্যে দুটি নলকূপ এক বছর ধরে অকেজো হয়ে পড়ে রয়েছে। ছবিটি পাঠিয়েছেন মহেনচন্দ্র সিংহ।*

## পাসবুক আপডেট মেশিন নষ্ট, ক্ষোভ

**ফেশ্যাবাড়ি, ১০ জানুয়ারি ঃ** উত্তরবঙ্গ ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাংকের প্রেমেরডাঙ্গা শাখায় দীর্ঘদিন ধরে সুষ্ঠু পরিসেবার অভাবে শতাধিক স্বনির্ভর গোষ্ঠী থেকে শুরু করে কয়েক হাজার গ্রাহককে দুর্ভোগ পোহাতে হচ্ছে। তাঁদের অভিযোগ, এলাকার একমাত্র ব্যাংকটিতে পাসবই আপডেট করার মেশিন তিন মাস ধরে নষ্ট হয়ে রয়েছে। মেশিনটি সারাইয়ের ব্যাপারে ব্যাংক কর্তৃপক্ষ উদ্যোগী হয়নি। প্রেমেরডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের প্রধান কল্পনা বর্মন বলেন, ‘দিনের পর দিন সাধারণ মানুষ ব্যাংকে সুষ্ঠু পরিসেবা থেকে বঞ্চিত হচ্ছেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করছি যাতে দ্রুত মেশিন সারাইয়ের ব্যবস্থা করা হয়।’ মেশিনটি খারাপ থাকার কথা স্বীকার করে ব্যাংকের শাখা প্রবন্ধক ননীগোপাল সরকার জানান, নতুন মেশিনের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন করা হয়েছে। দ্রুত সমস্যার সমাধান হওয়ার ব্যাপারে তিনি আশাবাদী।

### চ্যাংরাবান্ধা আন্তর্জাতিক স্থলবন্দর

# আটকে পড়ছে বাইরের ট্রাক, সীমান্তে দাদাগিরির অভিযোগ

**গৌতম সরকার ● চ্যাংরাবান্ধা**

**১০ জানুয়ারি ঃ** স্রেফ দাদাগিরি চলছে কোচবিহার জেলার চ্যাংরাবান্ধা সীমান্ত বাণিজ্যকেন্দ্রে। এমন অভিযোগই এনেছেন বাইরে থেকে পণ্য নিয়ে আসা বিভিন্ন ট্রাকের কর্মীরা। এর মধ্যে ভুটান থেকে পণ্য নিয়ে আসা ট্রাকের চালক এবং খালাসিও রয়েছেন। তাঁদের অভিযোগ, সীমান্তে কিছু মানুষের দাপটে তাঁরা ঠিকমতো পণ্য নিয়ে বাংলাদেশে যেতে পারছেন না। সীমান্তে পণ্য নিয়ে পৌঁছানোর পর তাঁদের বেশ কিছুদিন আটকে থাকতে হচ্ছে। অথচ বেশকিছু ট্রাক কর্মী রয়েছেন, তাঁরা পণ্য নিয়ে প্রায় প্রতিদিনই বাংলাদেশে প্রবেশ করতে পারছেন। অর্থাৎ ওইসব ট্রাকগুলির প্রায় রোজই ভাড়া হচ্ছে। এই সীমান্তের কিছু নিয়মকানুনের জাঁতাকলে পড়েই বাইরের ট্রাক পণ্য নিয়ে আসার পর কয়েকদিন আটকে থাকতে হচ্ছে বলে অভিযোগ উঠেছে। তাই বিষয়টি নিয়ে প্রচণ্ড ক্ষুব্ধও সংশ্লিষ্ট ট্রাক কর্মীরা। যেহেতু তাঁরা বাইরে থেকে আসছেন তাই তাঁদের এই অভিযোগের কথা কোথাও জানিয়েও তেমন লাভ হচ্ছে না বলে জানান। নাম প্রকাশে অনিচ্ছুক বাইরের কয়েকজন ট্রাক কর্মী বলেন, ব্যাপক অরাজক অবস্থা চলছে। এইসবের প্রতিবাদ করলে সমস্যা বেশি বেড়ে যাওয়ার আশঙ্কা থাকে। তাই লোকসান হলেও তাঁদের বেশিরভাগই মুখ খোলার সাহস পান না। ভুটান থেকে পণ্য নিয়ে আসা ট্রাক কর্মী বি কে গুরুং, টি শেরপা, বিহারের দীপক কুমার প্রমুখ বলেন, এখানে স্থানীয় ট্রাকের জন্য স্থানীয় সুবিধা রয়েছে সেটা তাঁরা জানেন। তবে দেখা যাচ্ছে স্থানীয় ট্রাক বাইরে থেকে পণ্য নিয়ে এলে সেক্ষেত্রেও লোকাল ফেসিলিটি পাচ্ছে। সম্প্রতি ভুটান থেকে প্রচুর পরিমাণ বোল্ডার আসার জন্য এই এলাকার বেশকিছু সংখ্যক ট্রাক ভুটানের পণ্য পরিবহণ করছে। বাংলাদেশে রপ্তানির জন্য একইদিনে ভুটান থেকে পণ্য নিয়ে চ্যাংরাবান্ধার ট্রাক এবং বাইরের ট্রাক এই স্থলবন্দরে পৌঁছালেও এই এলাকার ট্রাকগুলিকে সরাসরি বাংলাদেশে পাঠিয়ে দেওয়া হচ্ছে। আটকে পড়ছে বাইরের ট্রাকগুলি। তাদেরকে সিরিয়াল অনুযায়ী চলতে হচ্ছে। কিছু মানুষ দাদাগিরি করে এই কারবার করার চেষ্টা করছেন। এতে ভুটান সহ বাইরের ট্রাকমালিক, ব্যবসায়ীদের ক্ষতির মুখে পড়তে হচ্ছে বলে জানান। জানা গিয়েছে এইসব বিষয় নিয়ে ইতিমধ্যেই ট্রাক কর্মীদের একাংশ নিজেদের মধ্যে বৈঠকও করেছেন। তাঁদের এইভাবে বঞ্চিত করার চেষ্টা হলে আন্দোলন গড়ে তোলার পরিকল্পনাও নিয়েছেন। তাঁদের একাংশের তরফে অভিযোগ করা হয়, ভুটান এবং ডুয়ার্সের বিভিন্ন এলাকা থেকে বাংলাদেশে রপ্তানির উদ্দেশ্যে বোল্ডার বোঝাই ট্রাকগুলিতে অতিরিক্ত পণ্য পরিবহণ করা হচ্ছে। এতে একটি ট্রাকে বহন ক্ষমতার অতিরিক্ত পণ্য নিয়ে আসার কারণে ট্রাকের চাহিদা কমে যাচ্ছে। এই সীমান্তে এসেও তাদের সমস্যার মধ্যে পড়তে হচ্ছে। বাইরের ট্রাক কর্মীদের তোলা অভিযোগ প্রসঙ্গে জানতে চাইলে চ্যাংরাবান্ধা ট্রাকমালিক সমিতির কোষাধ্যক্ষ আবদুল ছামাত জানান, বর্তমানে বাংলাদেশে যেসব ট্রাক পণ্য নিয়ে যাচ্ছে তার জন্য নির্দিষ্ট নিয়ম রয়েছে। সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলোচনা করেই সেই নিয়ম ঠিক করা হয়েছে। তাই এ নিয়ে তেমন অসুবিধা হওয়ার কথা নয়। বর্তমানে স্থানীয় কিছু ট্রাক ভুটান থেকে পণ্য নিয়ে আসার পরেও সেইসব ট্রাক যে বিশেষ সুবিধা পাচ্ছে সেকথাও অবশ্য আবদুল ছামাত স্বীকার করে নিয়েছেন।

চ্যাংরাবান্ধা এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক বিমলকুমার ঘোষ জানিয়েছেন, চ্যাংরাবান্ধা সীমান্ত দিয়ে বর্তমানে ১ঃ১ অনুপাতে ভারত এবং ভুটানের ট্রাক পণ্য নিয়ে বাংলাদেশে প্রবেশের সুযোগ পাচ্ছে। প্রতিদিন যে পরিমাণ ট্রাক পণ্য নিয়ে এখানে পৌঁছে যাচ্ছে, তার চাইতে কম সংখ্যক ট্রাক বাংলাদেশে ঢোকার সুযোগ পাচ্ছে। তাই স্বাভাবিকভাবেই বেশকিছু ট্রাক এপারে আটকে পড়ছে।

# ভুটানের কমলালেবু যাচ্ছে সৌদি আরবে

**বাণীব্রত চক্রবর্তী**

**ময়নাগুড়ি, ১০ জানুয়ারি ঃ** উত্তরবঙ্গের বাজারে মিলছে না ভুটানের ভালো জাতের কমলালেবু। ভুটানের উচ্চমানের কমলালেবু বাংলাদেশ হয়ে বিমানে পাড়ি দিচ্ছে সৌদি আরবে। সৌদি আরবে ভুটানের একটি কমলালেবুর দাম ২৫ টাকা। ভুটানের ছাঁট কমলালেবুই মিলছে উত্তরবঙ্গের বিভিন্ন বাজারে। উত্তরবঙ্গের বাজারে ছাঁট লেবুর এক একটির খুচরো দর ৮ থেকে ১০ টাকা। আমদানিও একেবারেই কমে গিয়েছে। ফলে ছাঁট লেবু হওয়া সত্ত্বেও দর বেশ চড়া। তার জায়গা দখল করেছে কিন্নো।

আজও ভুটানের কমলালেবুর প্রধান পাইকারি বাজার ময়নাগুড়িতেই রয়েছে। এখান থেকেই কমলালেবু পাইকারদের হাত ধরে পাড়ি দেয় উত্তরবঙ্গের বিভিন্ন বাজারে। জানুয়ারি মাসে কমলালেবুর রমরমা বাজার থাকে। এই মাসেই সবচাইতে বেশি আমদানি হয়। গত বছরও জানুয়ারি মাসে ভুটানের বিভিন্ন বাগান থেকে প্রতিদিন ১০ থেকে ১২ ট্রাক কমলালেবু আমদানি হত ময়নাগুড়ি পাইকারি ফলের বাজারে। চলতি বছর প্রতিদিন গড়ে লেবু আমদানি হচ্ছে মাত্র ১ থেকে ২ ট্রাক। উৎকৃষ্ট মানের লেবু বাগান থেকেই বাছাই করে নিয়ে যাওয়া হচ্ছে সোজা বাংলাদেশের বাজারে। সেখান থেকে বিমানে পাড়ি দেয় সৌদি আরবে। ভুটানের লেবুর প্রচুর চাহিদা আছে সৌদি আরবে।

ভুটানের বড়ো কমলালেবুর বাগানগুলি দোরখা, দুমতে, লুতোপুতো, দিনচুখা ইত্যাদি। আবার সামচিতেও রয়েছে বড়ো বাগান। ভুটানের চ্যাংমারির লেবু সবচাইতে বেশি মিষ্টি। আর দেখতে ভালো দুমতে বাগানের কমলালেবু। রং আর সাইজে দুমতের লেবু অতুলনীয়। এই বাগানগুলির লেবু আসে সামচি হয়ে ফুন্টশোলিং। সেখান থেকেই বাছাই হয়ে উন্নত মানের লেবু চলে যাচ্ছে বাংলাদেশে। এরপর ছাঁট লেবু চলে আসে উত্তরবঙ্গের বিভিন্ন বাজারে। এবার চাহিদার তুলনায় আমদানি একেবারেই কম। ময়নাগুড়ি পাইকারি বাজার থেকে জলপাইগুড়ি, মেখলিগঞ্জ, চ্যাংরাবান্ধা, জামালদহ, ধূপগুড়ি ও মালবাজারে চলে যায় লেবু। ময়নাগুড়ির ব্যবসায়ী রাধাবিনোদ সাহা বলেন, গত ৫০ বছর ধরে লেবুর ব্যবসা করছি। ভুটানের লেবু বাংলাদেশ হয়ে বিমানে সৌদি আরবে পাড়ি দিচ্ছে। এর ফলেই উত্তরবঙ্গের বাজারে ভুটানের কমলালেবু মিলছে না। যাও মিলছে তা উন্নত মানের নয়। দামও বেশ চড়া। পঞ্জাবের কিন্নো এনেই চাহিদা মেটাতে হচ্ছে। আসলে কিন্নো কমলালেবুই নয়। আগে জানুয়ারি মাসে কমলালেবুর আমদানি হত প্রচুর। এখন আর তা নেই। কখনও কখনও দুদিনে ১ গাড়ি লেবু আমদানি হয়। সেটাও আবার ১ নম্বর লেবু নয়। প্রবীণ ব্যবসায়ী খগেন বড়ুয়া বলেন, এখন আর কমলালেবুর ব্যবসা নেই।

**OFFICE OF THE INSPECTOR GENERAL, BSF, NORTH BENGAL FRONTIER, KADAMTALA, DIST-DARJEELING (WB)**

**Appointment of Specialist (Medicine, Radiology & Psychiatry) and General Duty Medical Officers in Composite Hospital, BSF Kadamtala and other Units/Establishment under North Bengal Frontier on contractual basis**

**Remuneration :-**Consolidated remuneration per month will beas under :-

| | | |
|---|---|---|
| SPECIALIST | Rs.85,000/- | For whole period of contract |
| GDMO | Rs. 75,000/- | |

**Age** :- Candidates should not be more than 67 years of age on the date of interview.

Initial Contractual Appointment will be for 03 years which may be extended for further 02 years on year to year basis subject to the maximum age cap of 67 years. The specialist medical officer will be working at CH BSF Kadamtala and the General Duty Medical Officer will be working at Units/Establishment under North Bengal Frontier.

Selection will be on **WALK IN INTERVIEW** basis to be held at **Composite Hospital, Kadamtala, P.O-Kadamtala, Dist-Darjeeling (WB) w.e.f. 14th Jan'2019 to 18th Jan'2019 from 1000 hrs to onwards** and appointment will be subject to medical fitness.

**Walk in Interview**- No TA/DA is admissible for the interview. Suitable and willing candidates may **WALK IN FOR INTERVIEW** wef. 14th Jan'2019 to 18th Jan'2019 at Composite Hospital, BSF P.O.-Kadamtala, Dist-Darjeeling (WB) along with original and photocopies of all relevant documents (like Graduate & Post Graduate Degree, MCI/State medical council registration, age proof and experience certificate etc.) and also submit an application in pain paper superscripting the name of the post applied for and five passport size recent photographs.

**Educational/professional qualification for the posts are as under :-**

**Specialist Doctors**

(a) A recognized medical qualification included in the first or second schedule or Part II of the Third schedule (other than that licentiate qualifications) to the Indian Medical Council Act, 1956. Holders of educational qualifications included in Part II or the Third schedules should also fulfill the conditions stipulated in sub-section (3) of section (13) of the Indian Medical Council Act, 1956.

(b) Post-Graduate Degree/Diploma in the concerned Specialty as mentioned in Section-A or Section-B of schedule-VI or equivalent.

(C) $1\frac{1}{2}$ years experience for the Post Graduate Degree holder & $2\frac{1}{2}$ years for Diploma holder in the concerned specialty after obtaining the Post Graduate Degree/Diploma or equivalent.

**Educational/professional qualification for the posts are as under :-**

**General Duty Medical Officer**

(a) A recognized medical qualification included in the first or second schedule or Part II of the Third schedule (other than that licentiate qualifications) to the Indian Medical Council Act, 1956. Holders of educational qualifications included in Part II or the Third schedules should also fulfill the conditions stipulated in sub-section (3) of section (13) of the Indian Medical Council Act, 1956.

(b) Completion of compulsory rotating internship.

**Medical Examination** - Immediately after interview on the same day the candidates will be medically examined by a Board of Medical Officers. Appointment will be subject to medical fitness.

**Place of Posting :-**

Selected candidates for Specialist Medical Officer will be posted in CH BSF Kadamtala and candidate selected for GDMos post will be posted at various locations i.e. Khagra Camp (Kishanganj), Maheshpur (Raiganj) and Raiganj.

**Sd/- (Dr. Ashutosh Bajpai)**
**Commandant (Med)**
**FTR HQ BSF NB**